

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৭২

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - জানাযার সাথে চলা ও সালাতের বর্ণনা

আরবী

وَعَنْ ثَوْبَانَ قَالَ: خَرَجْنَا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي جَنَازَةٍ فَرَأَى نَاسًا رُكْبَانًا فَقَالَ: «أَلَا تَسْتَحْيُونَ؟ إِنَّ مَلَائِكَةَ اللَّهِ عَلَى أَقْدَامِهِمْ وَأَنْتُمْ عَلَى ظُهُورِ الدَّوَابِّ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ وَرَوَى أَبُو دَاؤُدَ نَحْوَهُ وَقَالَ التِّرْمِذِيِّ: وَقد روى عَن ثَوْبَان مَوْقُوفا

বাংলা

১৬৭২-[২৭] সাওবান (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমরা (একদিন) এক ব্যক্তির জানাযাহ্ সালাতের জন্য নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে বের হলাম। তিনি কিছু লোককে আরোহী অবস্থায় দেখে বললেন, তোমাদের কি লজ্জাবোধ হচ্ছে না? আল্লাহর মালায়িকাহ্ (ফেরেশতাগণ) নিজেদের পায়ে হেঁটে চলেছেন, আর তোমরা পশুর পিঠে বসে যাচ্ছ? (তিরমিয়ী, ইবনু মাজাহ; ইমাম আবূ দাউদ ও ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি সাওবান থেকে মাওকৃফ হিসেবে বর্ণনা করা হয়েছে।)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আত্ তিরমিয়ী ১০১২, মুসতাদরাক লিল হাকিম ১৩১৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৮৫৬, য'ঈফ আল জামি' আস্ সগীর ২১৭৭, ইবনু মাজাহ্ ১৪৮০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: জানাযার খাটিয়ার সাথে শব যাত্রায় মালায়িকাহ্ পদব্রজে চলে থাকে, সুতরাং মানুষের উচিত বাহনে চড়ে না চলা। ইতিপূর্বে এতদসংক্রান্ত বিষয়ে আলোচনা হয়ে গেছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=56232}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন